

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইঙ্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdc.d.gov.bd

স্মারক নং- আবাআখা/উন্নয়ন/উপজেলা/৪৯/২০১৬, ৪০৭১

তারিখ: ০৩.১১.২০২০ খ্রি।

বিষয়: প্রকল্প ও ব্যাংকের ব্যর্থ কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পের উপজেলা সমষ্টিকারী/ ব্যাংকের শাখা ব্যবস্থাপকগণ খণ্ড বিতরণ ও আদায়ে ব্যর্থ কর্মচারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। ফলে প্রকল্প এবং ব্যাংক উভয়ক্ষেত্রে খণ্ড প্রদান এবং আদায়ে হতাশা জনক পরিস্থিতি তৈরি হয়েছে। এ পরিস্থিতি অব্যাহত থাকলে একদিকে আগামী ৩০ জুন, ২০২১ তারিখে প্রকল্প মেয়াদ উত্তীর্ণ হলে কর্মচারীদের বেতনভাত্তা প্রদান সম্ভব হবে না। অপরদিকে দারিদ্র্য বিমোচনের লক্ষ্য অর্জিত হবে না। তাই প্রকল্প ও ব্যাংকের লক্ষ্য অর্জনে নিম্নোক্ত আদেশ জারি করা হলো:

১. প্রত্যেক উপজেলা সমষ্টিকারী/ শাখা ব্যবস্থাপক তার অধিকারী ফিল্ড সুপারভাইজার/ জুনিয়র অফিসার এবং মাঠ সহকারীদের ২০২০-২১ অর্থ বছরের কাজের লক্ষ্যমাত্রা লিখিতভাবে অবহিত করবেন এবং তার অনুলিপি জেলা সমষ্টিকারী/জেলার দায়িত্ব প্রাপ্ত সিনিয়র অফিসারদেরকে প্রদান করবেন;
২. উপজেলা সমষ্টিকারী/ শাখা ব্যবস্থাপকগণ অধিকারী কর্মচারীদের এখন হতে পরপর তিন মাস সংশ্লিষ্ট কর্মচারীদের পারফরমেন্স (খণ্ড বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন) ভিত্তিক নোটিশ প্রদান করে তার অনুলিপি জেলা সমষ্টিকারী / জেলার দায়িত্ব প্রাপ্ত সিনিয়র অফিসারদেরকে প্রদান করবেন;
৩. লিখিতভাবে পরপর তিন মাস নোটিশ দেয়ার পরেও যে সকল কর্মচারী খণ্ড বিতরণ ও আদায়ে লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হবেন তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য (পূর্বে প্রদানকৃত নোটিশের অনুলিপি এবং সর্বশেষ অর্জনের তথ্যসহ) প্রধান কার্যালয়ে রিপোর্ট করবেন।

এ আদেশ প্রতিপালনে ব্যর্থ সকল উপজেলা সমষ্টিকারী/ শাখা ব্যবস্থাপকদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩০.১১.২০২০
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্তসচিব)
আমার বাড়ি আমার খামার প্রকল্প

ও

ব্যবস্থাপনা পরিচালক
পঞ্জী সঞ্চয় ব্যাংক, ঢাকা।

উপজেলা সমষ্টিকারী/শাখা ব্যবস্থাপক (সকল)

.....উপজেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, পঞ্জী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল).....জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....উপজেলা।
- ৫। জেলা সমষ্টিকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প/ জেলার দায়িত্বপ্রাপ্ত সিনিয়র অফিসার , পঞ্জী সঞ্চয় ব্যাংক (সকল উপজেলায় আদেশ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হচ্ছে কিনা তা মনিটরিং করে প্রধান কার্যালয়কে অবহিত করার নির্দেশসহ)।
- ৬। সংশ্লিষ্ট নথি।